



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ  
আইসিটি সেল




বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃরেজাউল হায়দার পরিচালক
সভার তারিখ	০৫ সেপ্টেম্বর, ২০২১
সভার সময়	সকাল ১১.০০ টায়
স্থান	পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত পরিচালক (প্রশাসন) জনাব মো: মনিরুল আলম বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সভায় উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	<u>সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ</u> বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন, ২০২১-২০২২ এর কার্যক্রম ১.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ করতে হবে।	অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
২.	<u>সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন</u> বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন, ২০২১-২০২২ এর কার্যক্রম ১.৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সে প্রেক্ষিতে সেপ্টেম্বর/২০২১ মাসের মধ্যে ০১ (এক) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০১ (এক)টি প্রশিক্ষণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সেপ্টেম্বর/২০২১ মাসের মধ্যে ০১ (এক) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০১ (এক)টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৩.	<u>সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয় অবহিতকরণ সভা আয়োজন</u> বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন, ২০২১-২০২২ এর কার্যক্রম ১.৩ এর আওতায় সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয় অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অতিরিক্ত পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, আগস্ট/২০২১ মাসে সেবা প্রদান বিষয়ে অংশীজনের অংশগ্রহণে ০১ (এক)টি সভা সম্পন্ন হয়েছে। সভার নোটিশ, হাজিরা, ছবি এবং কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংরক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সেবা প্রদান বিষয়ে অংশীজনের অংশগ্রহণে সভার নোটিশ, হাজিরা, ছবি এবং কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৪.	<u>ডিজিটাল স্কিনের মাধ্যমে সিটিজেন চার্টার প্রচার</u> বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সিটিজেন চার্টার ডিজিটাল স্কিনে প্রচারের মাধ্যমে জনসাধারণকে এই দপ্তরের কাজ সম্পর্কে ধারণা প্রদান করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সিটিজেন চার্টার ডিজিটাল স্কিনে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক (প্রশাসন)

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃরেজাউল হায়দার

পরিচালক


স্মারক নম্বর: ৫০.০১.০০০০.১০৪.৩৪.০০১.২০.১৪৪

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮

০৬ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ২) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৩) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৪) সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (মনিটরিং) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৫) নির্বাহী পরিচালকের একান্ত সচিব, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
- ৭) সহকারী মেনেজিং ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ



তনুশ্রী সাহা

প্রোগ্রামার